भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL A 946646

Certified that the total stamp Rs. 25,010/- of which Stamp Paper Paid Rs 5000/- and B/C Rs. 20,010/- ... submission under section 5 of the W.B.L. ... Act 1955 duly stamped under ... the Indian Stamp Act 1899 ... Rules 1994 & ... Also Certified that the Deficit Stamp ... realised ... Vide T.V. Chalan ...

Additional District Sub-Registrar Sadar, Paschim Medinipur

# শুভ দানপত্র

জেলা পশ্চিম মেদিনীপুর, থানা, পরগণা, সাবরেজিষ্ট্রী, মিউনিসিপ্যালিটি মেদিনীপুর, ওয়ার্ড নং ২৩, হোল্ডিং নং ৪/৭১, মৌজা – সেখপুরা, জে.এল. নং ১৭২, রি: জরীপের খতিয়ান নং - ৫/৪, ৬/৪, রি: জরীপের দাগ নং ১৪৩/২৮৫, সাবপ্লট নং ৪৪, মোট ০.১৮৫২ একর ভুমি মায় তদস্থিত স্বসাজ বসতগৃহের শুভ দানপত্র মূল্য মঃ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা।

Additional District Sub-Registrar Sadar, Paschim Medinipur

২০০০.০০

[redacted]

২,০০০.০০ x ৫৫ = ৫,৫০০.০০

Addl. District Sub-Registrar, Sadar, Paschim Medinipur

11-45 [redacted] 12th
Sep [redacted] 07 [redacted]
[redacted] Dr. Basudeb Roy

[redacted]

Dr. Basudeb Ray

Additional District Sub-Registrar
Sadar, Paschim Medinipur
12/9/07

Dr. Basudeb Roy S/o [redacted] Nath Roy
[redacted] Sekupur
[redacted] Midnapore
[redacted]
[redacted] Doctor

Kshitish Palwal
Judges Court
[redacted] Midnapore
[redacted]
[redacted] Advocate.

Dr. Basudeb Ray

4884

Kshitish Palwal
Advocate
Judge's Court Midnapore.

Additional District Sub-Registrar
Sadar, Paschim Medinipur
12/9/07

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये

ONE THOUSAND RUPEES

रु.1000

Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 946647





**গ্রহীতা ঃ-**

**শ্রী দেবজ্যোতি রায়**

পিতা – ডাঃ বাসুদেব রায়, জাতি – হিন্দু, পেশা – চাকুরীজীবি, সাং – সেখপুরা, স্টেশন রোড, মেদিনীপুর, পোষ্ট অফিস, থানা, সাবরেজিষ্ট্রী, মিউনিসিপ্যালিটি মেদিনীপুর, জেলা - পশ্চিম মেদিনীপুর।

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES


रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 946648



-ঃ ৩ ঃ-

দাতা ঃ-

**ডাঃ বাসুদেব রায়**

পিতা – ঁপ্রমথ নাথ রায়, জাতি – হিন্দু, পেশা – চিকিৎসাদি, সাং – সেখপুরা, স্টেশন রোড, মেদিনীপুর, পোষ্ট অফিস, থানা, সাবরেজিষ্ট্রী, মিউনিসিপ্যালিটি মেদিনীপুর, জেলা - পশ্চিম মেদিনীপুর।

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 946649

-:8:-

কস্য মঃ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা মূল্যের মেদিনীপুর মিউনিসিপ্যালিটির অন্তর্গত রায়ত স্বত্বীয় দখলী বাস্তুভূমি মায় তদস্থিত দ্বিতল সম্পূর্ণ ও ত্রিতল এক-কামরা যুক্ত খোলা ছাদ সহ পুরাতন পোক্তা স্বসাজ গৃহ এবং কূপসহ চতুপার্শ্বে পোক্তা প্রাচীর দ্বারা বেষ্টিত ফলা, অ-ফলা বৃক্ষাদি সহ স্থাবর সম্পত্তির যাবতীয় স্বত্বলভ্যের সাফ শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে –

অত্র জেলা পশ্চিম মেদিনীপুর, থানা, পরগণা, সাবরেজিষ্ট্রী ও মিউনিসিপ্যালিটি মেদিনীপুর-এর এলাকাধীন সেখপুরা মৌজায় ১৭২ নং জে.এল. ভুক্ত, রি: জরীপের ৫/৪ ও ৬/৪ নং খতিয়ানে, রি: জরীপের ১৪৩/২৮৫ নং দাগে ও ৪৪ নং সাবপ্লট-এ ০.১৮৫২ একর বাস্তুভূমি যাহার কাত বার্ষিক খাজনা মালিক প:ব: সরকারের সেরেস্তায় আদায় দিতে হয়। উক্ত সম্পত্তি পূর্বে সেখপুরা মৌজার মিত্র কম্পাউন্ড সাকিনের জনৈক চারুচন্দ্র মিত্রের রায়ত স্বত্বীয় দখলী সম্পত্তি ছিল। তিনি West Bengal Estate Acquisition Act-এ 'B' Form দাখিলপূর্বক উক্ত সম্পত্তি তাহার Retained Land গণ্যে নিজ নামে গত রি: জরীপে খন্ড খতিয়ানে রেকর্ডলিপি প্রস্তুতপূর্বক স্বত্বদখলাদি পরিচালনা করিয়া আসিতে থাকা অবস্থায় তাহার লোকান্তে, তাহার পত্নী শৈলবালা ও এক পুত্র অজিত ও দুই কন্যা শেফালিকা ও নীহারিকা হিন্দু উত্তরাধিকার আইন মোতাবেক

১/৪ অংশ সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে আমি অত্র দানপত্র দলিলের দাতা তাহা শ্রবণে তৎকালীন সর্ব্বোচ্চ বাজার মূল্য প্রদানে গত ইং ২০.০৩.১৯৮৯ তারিখে সম্পাদিত ও মেদিনীপুর জয়েন্ট সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১৬৪৩ নং তপশীলে ০.১৮৫২ একর বা ৮০৬৭ বর্গফুট বাস্তভূমি মধ্যে ০.১৩৮৯ একর বা ৬০৫০ বর্গফুট ভূমি ক্রয় করিয়া ক্রয়কৃত সম্পত্তিতে স্বত্বদখলাদি পরিচালনা করিয়া আসিতে থাকা অবস্থায় তপশীল বর্ণিত সম্পত্তির অবশিষ্ট ১/৪ অংশ যাহা পূর্বে শৈলবালা মিত্র-এর অংশগত সম্পত্তি ছিল এবং তাহার লোকান্তে তাহার উইলমূলে প্রাপ্ত তাহার একমাত্র পুত্র অজিত কুমার মিত্র ও দুই কন্যা শেফালিকা সরকার ও নীহারিকা দত্ত তুল্যাংশে প্রত্যেকে ১/১২ অংশে প্রাপ্ত হইয়া স্বত্ব দখলাদি পরিচালনা করিয়া আসিতে থাকা অবস্থায় তাহারা তাহাদের অংশগত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে, আমি অত্র দলিলের দাতা তাহা শ্রবণে তৎকালীন সর্বোচ্চ মূল্যে গত ইং ১০.০৫.১৯৮২ তারিখে সম্পাদিত ও মেদিনীপুর জয়েন্ট সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩১৩১ নং চিরস্থায়ী বন্দোবস্তপত্র দলিল মূলে তপশীলে বর্ণিত পূর্বের ক্রয়বাদে অবশিষ্ট ০.১৮৫২ একর বা ৮০৬৭ বর্গফুট বাস্তভূমি মধ্যে ০.০৪৬৩ একর বা ২০১৭ বর্গফুট বাস্তভূমি খরিদ করিয়া উহাতে স্বত্বদখলাদি পরিচালনা করিয়া আসিতেছি।

উল্লিখিত মতে দুইখণ্ড রেজিষ্ট্রীকৃত চিরস্থায়ী বন্দোবস্তপত্র দলিলমূলে তপশীলে বর্ণিত ও অত্র দলিলের সহিত দাখিলী হাতনক্সায় বিশেষভাবে চিহ্নিত ও রঞ্জিত পোক্তা প্রাচীর দ্বারা বেষ্টিত ভূমি খরিদ করিয়া নিজ নামে Mutation করতঃ স্থানীয় B.L. & L.R.O. এবং মেদিনীপুর মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন পূর্বক প:ব: সরকার বরাবর সন সন খাজনা ও ট্যাক্সাদি প্রদানে নিজ স্বত্বে স্বত্ববান ও দখলকার রহিয়াছি এবং মেদিনীপুর মিউনিসিপ্যালিটি হইতে Valid Plan Sanction পূর্বক অত্র দলিলের একাংশ গণ্যে দাখিলী হাত নক্সায় বিশেষভাবে চিহ্নিত ও সবুজ রঙের বর্ডার দ্বারা বেষ্টিত একতল ২৮৪৪ বর্গফুট পরিমিত ও দ্বিতল ১৯০৩ বর্গফুট পরিমিত ও ত্রিতলে সিঁড়িসহ এক কামরা যুক্ত গৃহ যাহার পরিমাপ ৪০০ বর্গফুট ও অবশিষ্টাংশ খোলা ছাদ নির্মাণ পূর্বক উহাতে Electric Connection ও মেদিনীপুর মিউনিসিপ্যালিটি হইতে Water Connection নিজ নামে প্রাপ্ত হইয়া উক্ত স্বসাজ বসতগৃহ মায় কূপ ও যাবতীয় ফলা, অ-

ফলা বৃক্ষাদি সহ স্বত্বদখলাদি পরিচালনা করিয়া আসিতেছি, অন্যের বিনাপত্ত্যে, নির্বিবাদে, নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলকার রহিয়াছি।

এক্ষণে আমার যথেষ্ট বয়স হইয়াছে ও নানান রোগে ভুগিতেছি, মনুষ্য জীবন ক্ষণস্থায়ী কখন কি ঘটে বলা যায় না, তুমি অত্র দলিলের দানপত্র গ্রহীতা আমার অতীব স্নেহের একমাত্র পুত্র হইতেছ। তোমাকে যথাযথ শিক্ষাপ্রদান করিয়াছি এবং আমার একমাত্র কন্যাকে যথাযথ শিক্ষান্তে আমার সাধ্যাতীত সাধ্য খরচপত্রাদি করিয়া সুপাত্রে পাত্রস্থ করিয়াছি ও সে তাহার স্বামীগৃহে সুখে-শান্তিতে বসবাস করিতেছে এবং আমার কন্যার একমাত্র পুত্র-এর শিক্ষার অদ্যাবধি যাবতীয় খরচাদি বহন করিয়া আসিতেছি আমার মানসিক সন্তুষ্টির জন্য।

আমি অত্র দলিলের দাতা বর্তমানেও আমার পেশা চিকিৎসাদিতে যুক্ত রহিয়াছি এবং আমি ও আমার সহধর্মিনী সুখে শান্তিতে দিনাতিপাত করিয়া আসিতেছি, তুমি অত্র দলিলের গ্রহীতা আমার ও তোমার মাতার একমাত্র পুত্রসন্তান হইতেছ, সেকারণ তোমার আগামী ভবিষ্যত জীবনের কথা চিন্তা করিয়া, সন্তানের প্রতি পিতৃদায়িত্ব পালনের কথা বিবেচনা করিয়া, আমার বহুদিনের সুপ্ত বাসনা ও ইচ্ছা নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি মায় তদস্থিত অত্র দলিলের একাংশগণ্যে হাত নক্সায় বিশেষভাবে চিহ্নিত ও সবুজ রং-এর বর্ডার দ্বারা বেষ্টিত পুরাতন স্বসাজ একতল ২৮৪৪ বর্গফুট পরিমিত ও দ্বিতল ১৯০৩ বর্গফুট পরিমিত এবং ত্রিতল সিঁড়ি সহ এককামরাযুক্ত ৪০০ বর্গফুট পরিমিত বসতগৃহ সহ খালি ছাদ ও পোক্তা প্রাচীর দ্বারা বেষ্টিত কূপ ও ফলা, অ-ফলা বৃক্ষাদিসহ স্থাবর সম্পত্তি আমার স্নেহের নিদর্শন স্বরূপ তোমাকে দান করিব বলিয়া মনস্থ করিয়াছি এবং আমার মনের বাসনা পূর্ণ করিবার জন্য আমার উক্ত দান তুমি গ্রহীতা, তোমাকে গ্রহণ করিবার প্রস্তাব করিলে, তুমি তাহাতে সম্মত হইলে আমি অতীব মানসিক তৃপ্তি লাভ পূর্বক আমার নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি আমি সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা প্ররোচনায় তোমাকে অত্র শুভ দানপত্র দলিল মূলে চিরতরে দান করিলাম এবং উক্ত দানকৃত সম্পত্তিতে তুমি অদ্যকার তারিখ হইতে নিজ স্বত্বে স্বত্ববান ও দখলীকার হইয়া অন্যের বিনাপত্ত্যে, নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলকার থাকিবে ও রহিবে। তাহাতে আমি বা আমার অপরাপর ওয়ারিশানগণের কোনরূপ ওজরাপত্তি ও দাবীদাওয়া রহিল না বা

K. Dalwal

S. Banerjee Roy

থাকিবে না। অত্র দানকৃত সম্পত্তি মায় তদস্থিত বসত গৃহাদিতে আমার যেরূপ স্বত্বস্বামিত্ব ও দখলাধিকারাদি ছিল বা আছে তাহা সমূহ অদ্যকার তারিখ হইতে সম্পূর্ণরূপে রহিত হইয়া বা লুপ্ত হইয়া তোমার বরাবর বর্তাইল ও তোমার অনুকূলে স্বত্বদখলাদি চিরতরে ত্যাগ করিয়া দিয়া, তোমাকে স্বত্ববান ও দখলীকার করাইলাম।

তুমি অদ্য হইতে অত্র দলিল বলে বর্তমান মালিক প:ব: সরকার পক্ষে স্থানীয় বি.এল.এন্ড.এল.আর.ও.-এর সেরেস্তায় আমার বা আমার পূর্বতন মালিকের নামের পরিবর্তে তোমার নিজ নাম পত্তন পূর্বক ধার্য্য খাজনাদি হারাহারি-মতে আদায় দিয়া দানকৃত ভূমি সহ ত্রিতল বিশিষ্ট পোক্তা স্বসাজ গৃহাদি সহ কূপ, ফলা, অ-ফলা বৃক্ষাদি যদৃচ্ছামতে পরিবর্তন ও পরিবর্ধনে মেদিনীপুর মিউনিসিপ্যালিটি অফিসে নিজ নাম পত্তনপূর্বক ধার্য্য ট্যাক্সাদি প্রদানে ও প:ব: রাজ্য বিদ্যুৎ পর্ষদের মেদিনীপুর জেলা অফিসে আমার নামের পরিবর্তে নিজ নাম পত্তন করিতে পারিবে ও ধার্য্য বিল-আদি প্রদান করিবে। তুমি অত্র দলিলের গ্রহীতা অদ্যকার তারিখ হইতে আপন পুত্রপৌত্রাদি ওয়ারিশানগণক্রমে নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তির যাবতীয় দান-বিক্রয়-বন্ধক প্রভৃতি সর্বৈব হস্তান্তরাদির ক্ষমতাপ্রাপ্তমতে যাবৎ চন্দ্রাক: তারকা তাবৎকালতক পরমসুখে ভোগদখল করিতে থাকিবে। তাহাতে আমার বা আমার অপরাপর ওয়ারিশান স্থলাভিষিক্তগণের কস্মিনকালেও কোনপ্রকার ওজরাপত্তি বা দাবী দাওয়া রহিল না কিংবা রহিবে না, করিলে তাহা সর্বত্র বাতিল ও নামঞ্জুর হইয়া অত্র দানপত্র দলিল সর্বতোভাবে সর্বঅফিস ও আদালতাদিতে চিরকাল সিদ্ধ ও বলবৎ থাকিবে। অত্র দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্বে কোনপ্রকার দায় সংযোগ বা হস্তান্তরাদি করি নাই বা তন্নিমিত্ত আমি ইত্যাগ্রে কাহারও সন্নিধানে কোনপ্রকার লিখিত বা বাচনিক চুক্তিতে আদৌ চুক্তিবদ্ধ হই নাই, যদি প্রকাশ পায় তাহা দায়মুক্ত করিয়া দিব।

অত্র দলিলের পোষকার্থে আমি আমার যাবতীয় আসল দলিলগুলি ও দানকৃত সম্পত্তি সংক্রান্ত সমূহ আসল কাগজপত্রাদিসহ মিউনিসিপ্যালিটির অনুমোদিত প্ল্যান তোমার বরাবর হাওলা করিয়া দিলাম। অত্র দানপত্র দলিলের সহিত দানকৃত সম্পত্তির প্রকৃত অবস্থান দর্শাইতে বিশেষভাবে চিহ্নিত লাল ওসবুজ রঙের বর্ডার দ্বারা বেষ্টিত অংশ একটি হাত নক্সায় অঙ্কনপূর্বক অত্র সহ প্রদত্ত হইল। উক্ত হাত নক্সা দলিলের

K. Lahiri.

J. Banerjee Roy

একাংশ বলিয়া গণ্য হইবে। তুমি অত্র দানপত্র দলিলের গ্রহীতা অত্র দলিল বলে প:ব: সরকারের চলতি W.B. & L.R. Act এর যে কোন ধারায় বা Mutation পূর্বক উক্ত দলিল দর্শাইয়া নিজ নামে খাজনাদি প্রদান পূর্বক পরচা রেকর্ড পত্তন করাইয়া লইতে পারিবে।

অদ্য উপরিউক্ত মতে ম: ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা মূল্যের তপশীল বর্ণিত সম্পত্তি আমি দাতা সাক্ষীগণ সাক্ষাতে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা প্ররোচনায়, স্বইচ্ছায় অত্র দানপত্র দলিলের মর্ম ও ফলাফল সম্যক অবগত হইয়া, আমার কহতমতে লেখা হইয়াছে জানিয়া পড়িয়া অত্র দানপত্র দলিল যথারীতি তোমার বরাবর সম্পাদন করিয়া দিলাম। ইতি —

বাংলা সন ১৪১৪ সাল তারিখ – ১২ই ভাদ্র।

ইংরাজী সন ২০০৭ সাল তারিখ –৩০শা আগষ্ট।

## তপশীল বর্ণিত সম্পত্তির বিবরণ

জেলা পশ্চিম মেদিনীপুর, থানা, পরগণা, সাবরেজিষ্ট্রী, মিউনিসিপ্যালিটি – মেদিনীপুর, জে.এল. নং ১৭২, মিউনিসিপ্যালিটি হোল্ডিং নং ৪/৭১, ওয়ার্ড নং ২৩, রি: জরীপের খতিয়ান নং ৫/৪ ও ৬/৪, রি: জরীপের দাগ নং ১৪৩/২৮৫ (একশত তেতাল্লিশ-এর বাটা দুইশত পঁচাশি), সাবপ্লট নং ৪৪ (চুয়াল্লিশ) মোট ভূমির পরিমাণ ০.১৮৫২ একর (শূন্য দশমিক এক আট পাঁচ দুই একর) বা ৮০৭৩ বর্গফুট (আট হাজার তিয়াত্তর) বা ৭৪৯.৯৮ বর্গমিটার (সাতশত ঊনপঞ্চাশ দশমিক নয় আট বর্গমিটার), যাহা অত্র দলিলের সহিত সংযুক্ত হাত নক্সা দলিলের একাংশ গণ্যে লাল রং-এর বর্ডার দ্বারা চিহ্নিত পোক্তা প্রাচীর দ্বারা বেষ্টিত ভূমি মায় তদস্থিত ত্রি-তল বিশিষ্ট পুরাতন স্বসাজ বসতগৃহ যাহার পরিমাপ একতল ২৮৪৪ বর্গফুট, দ্বিতল ১৯০৩ বর্গফুট ও ত্রিতল এককামরাযুক্ত সিঁড়ি সহ ৪০০ বর্গফুট হইতেছে এবং ভূমিতে অবস্থিত কূপ, ফলা-অ-ফলা বৃক্ষাদি রহিয়াছে।

দানকৃত সম্পত্তি মায় পুরাতন বসতগৃহের মোট মূল্য ম: ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইতেছে।

উত্তর বাহু – ১১৪/ ফুট পূর্ব বাহু - ৬৫/৩// ফুট

দক্ষিণ বাহু – ১১৩/ ফুট পশ্চিম বাহু – ৭৭/ ফুট

চৌহদ্দি ঃ-

উত্তরে – রাস্তা পূর্বে – দুর্গাপদ ব্যানার্জী

দক্ষিণে – রাস্তা পশ্চিমে – রাস্তা।

মোট ০.১৮৫২ একর শূন্য দশমিক এক আট পাঁচ দুই একর বা ৮০৬৭ বর্গফুট আটহাজার সাতষট্টি বর্গফুট ভূমির কাত ভূমি সংস্কার আইনের ধার্য্যকৃত বার্ষিক খাজনা মেদিনীপুর সদর বি.এল. এ্যান্ড এল.আর.ও. অফিসে আদায় দিতে হয়।

আমি অত্র দলিলের দাতা স্বয়ং অত্র দানপত্র দলিল পাঠ করিয়া সম্যক অবগত হইয়া নিজ নাম স্বাক্ষর করিলাম। ইতি —

Dr. Basudeb Ray

মুসাবিদাকারক ঃ-
Kshitish Palmal.
ক্ষিতীশ পলমল
এ্যাডভোকেট
রেজি: নং – ডব্লু.বি./১০০০/৮১
জর্জকোর্ট, মেদিনীপুর।

ইসাদ

১। Somnath Singha Ray
S/o Bolder Singha Ray
Debendranagar Midnapore

Papiya Halder
Advocate
Judge's Court, Paschim Medinipur

টাইপকারক ঃ-
বিশ্বজিৎ সরকার
(বিশ্বজিৎ সরকার)
ইলেকট্রো টাইপ
বার্জটাউন, মেদিনীপুর।

কৈঃ অত্র দানপত্র দলিল স্ট্যাম্পসহ ১০ ফর্দে লেখা হইল। মুসাবিদাকারক ও টাইপকারক বাদে ২ জনা সাক্ষী রহিয়াছে। এবং অত্র দলিলের একাংশ গণ্যে ১টি ডেমি পেপারে দাতা ও গ্রহীতার দশ আঙ্গুলের টিপ ও স্বাক্ষর রহিয়াছে।

Dr. Basudeb Ray

Dr. Basudeb Ray





ইহা আমার বাম হাতের পাঁচ আঙ্গুলের ছাপ।



ইহা আমার ডান হাতের পাঁচ আঙ্গুলের ছাপ।

Debojyoti Ray

ইহা গ্রহীতার দশ আঙ্গুলের ছাপ হইতেছে।



ইহা আমার বাম হাতের পাঁচ আঙ্গুলের ছাপ।




ইহা আমার ডান হাতের পাঁচ আঙ্গুলের ছাপ।

Dr. Banani Ray

ইহা দাতার দশ আঙ্গুলের ছাপ হইতেছে।

ORIGINAL

MOUZA SEKHPURA J.L.NO 172
PS- MEDINIPUR
DIST- PASCHIM MEDINIPUR
SCALE- 1" = 12' FT
(FROM BUILDING PLAN)




DETAILS OF THE GIFTED LAND AND BUILDING

| LAND AND BUILDING GIFTED TO | RS PLOT NO | SUB PLOT NO | AREA OF LAND | | | SIDE MEASUREMENT | BUILDING AREA | | | MARK |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | SQ FEET | SQ METER | ACRE | | GROUND FLOOR | 1ST FLOOR | 2ND FLOOR | |
| SRI DEBOJYOTE RAY S/O DR. BASUDEB RAY STATION ROAD SEKHPURA PO+PS- MEDINIPUR DIST- PASCHIM MEDINIPUR | 143/285 (PART) | 44 | 8073 | 749.98 | 0.1852 | N-114'0" S-113'0" E-65'3" W-77'0" | 2844 SQ FT | 1903 SQ FT | 400 SQ FT | |

DRAWN BY

Dr. Basudeb Ray